

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর,
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।

স্মারক নং-১৩.১০.০১.০০০০.০৯১.৪৫.০৮৩.১৯-

তারিখঃ ১৩/১০/২০১৯ খ্রি.

বিষয়ঃ সরকারি ও বেসরকারী উৎসে সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তির বিপরীতে বিভিন্ন সাইলো, সিএসডি ও এলএসডিতে বস্তা গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ সংগ্রহ বিভাগের স্মারক নং সপ/ছালা-১৫/২০০৬-০৭/২০৫৪(৬), তারিখ: ২৩/০৯/২০০৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকারি (বিজেএমসি) ও বেসরকারী উৎস থেকে খাদ্য অধিদপ্তরের বিভিন্ন সাইলো, সিএসডি ও এলএসডিতে বস্তা সরবরাহ গ্রহণের নিমিত্ত বস্তার গুণগত মান ও চুক্তির অন্যান্য শর্ত বাস্তবায়ন মনিটরিং করার লক্ষ্যে সূত্রস্থ স্মারকে কমিটি গঠন করা হয়েছিল।

বস্তা সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত বস্তার গুণগতমান অর্থাৎ সরবরাহকৃত বস্তা বিনির্দেশসম্মত কিনা তা পরীক্ষার জন্য গঠিত কমিটি থাকা সত্ত্বেও কোন কোন এলএসডি/সিএসডিতে বিনির্দেশ বহির্ভূত বস্তা গ্রহণ করা হচ্ছে। এ বিষয়টি সংশ্লিষ্ট এলএসডি/সিএসডিতে উর্দ্ধতন কর্তৃপক্ষ পরিদর্শনকালে বিষয়টি গোচরীভূত হচ্ছে, যা দুঃখজনক। এছাড়াও অতি সম্প্রতি মহাপরিচালক, খাদ্য মহোদয় কর্তৃক নেত্রকোনা জেলার বিভিন্ন এলএসডি পরিদর্শনকালে ২০১৬, ২০১৭ সালে উৎপাদিত বস্তায় চালের মজুত দেখা গেছে। এতে স্পষ্টই প্রমাণিত হয় যে, চাল সরবরাহকারী মিলার কর্তৃক চাল সরবরাহের নিমিত্ত সংশ্লিষ্ট গুদাম থেকে খালি বস্তা উত্তোলন করলেও পরবর্তীতে উত্তোলিত বস্তায় চালকল মালিক চাল সরবরাহ না করে পুরাতন বা অন্য বস্তায় চাল সরবরাহ করেছে যা কোন ক্রমেই কাংখিত নয়। এহেন অবস্থায় প্রেক্ষিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

ক) এখন থেকে বিভিন্ন সাইলো, সিএসডি ও এলএসডিতে সরবরাহকৃত বস্তার গুণগত মান পরীক্ষার জন্য গঠিত কমিটির কার্যপরিধির সকল শর্তানুযায়ী বস্তার গুণগতমান, পরিমাণ ও চুক্তিপত্রের শর্ত যথাযথভাবে অনুসরণ করে কমিটি প্রত্যয়নপত্র জারি করবেন। যদি কোন সাইলো, সিএসডি ও এলএসডিতে নিম্নমাণের অর্থাৎ বিনির্দেশ বহির্ভূত বস্তা গ্রহণ করা হয় তজ্জন্য কমিটি দায়ী থাকবেন। বস্তা সরবরাহের ক্ষেত্রে ওয়ারেন্ট (warranty) বজায় রাখতে হবে।

খ) সরকারের সাথে চুক্তিবদ্ধ চালকল মালিকগণ চাল সরবরাহের ক্ষেত্রে এলএসডি/সিএসডি হতে গ্রহণকৃত সরকারি বস্তায় চাল সরবরাহ করতে হবে। যদি গ্রহণকৃত সরকারি বস্তায় পরিবর্তে পুরাতন বা অন্য বস্তায় চাল সরবরাহ করেন তজ্জন্য সংশ্লিষ্ট গুদাম কর্মকর্তা ও চালকল মালিক দায়ী থাকবেন।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

প্রাপকঃ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/রাজশাহী/রংপুর/সিলেট/চট্টগ্রাম/খুলনা/বরিশাল।

স্বাঃ
(জুলফিকার রহমান)
পরিচালক, সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-১৩.১০.০১.০০০০.০৯১.৪৫.০৮৩.১৯-২০১৪/১৩
অনুলিপিঃ

তারিখঃ ১৩/১০/২০১৯ খ্রি.

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১৩/১০/১৯
পরিচালক, সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
স্বাঃ